

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩১৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৮. দ্বিতীয় অনুচ্ছেদ - ইশরাক ও চাশ্তের সালাত

আরবী

وَعَن بُرَيْدَة قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «فِي الْإِنْسَانِ ثَلَاثُمِائَةٍ وَسَلَّمَ يَقُولُ: «فِي الْإِنْسَانِ ثَلَاثُمِائَةٍ وَسِتُّونَ مَفْصِلًا فَعَلَيْهِ أَنْ يَتَصِدَقَ عَنْ كُلِّ مَفْصِلٍ مِنْهُ بِصِدَقَةٍ» قَالُوا: وَمَنْ يُطِيقُ ذَلِكَ يَا نَبِيَّ اللَّهِ؟ قَالَ: «النُّخَاعَةُ فِي الْمَسْجِدِ تَدْفِنُهَا وَالشَّيْءُ تُنَحِيهِ عَنِ الطَّرِيقِ فَإِنْ لَمْ تَجِدْ فَرَكُعْتَا الضَّحَى تُجْزِئُكَ» . رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

১৩১৫-[৭] বুরায়দাহ্ (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ মানুষের শরীরে তিনশত ষাটটি জোড়া আছে। প্রত্যেক লোকের উচিত প্রত্যেকটি জোড়ার জন্যে সদাকাহ্ (সাদাকা) করা। সাহাবীগণ আবেদন করলেন, হে আল্লাহর রসূল! কার সাধ্য আছে এ কাজ করতে? তিনি বললেন, মসজিদে পড়ে থাকা থুথু মুছে ফেলাও একটি সদাকাহ্ (সাদাকা)। পথ থেকে কোন কষ্টদায়ক বস্তু সরিয়ে দেয়াও একটি সদাকাহ্ (সাদাকা)। তিনশত ষাট জোড়ার সদাকাহ্ (সাদাকা) দেবার মতো কোন জিনিস না পেলে 'যুহার (চাশ্ত/চাশত) দু' রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে নেয়া তোমার জন্যে যথেষ্ট। (আবূ দাউদ)[1]

ফটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৫২৪২, ইবনু খুযায়মাহ্ ১২২৬, শু'আবুল ইমান ১০৬৫০, ইরওয়া ৮৬০, আহমাদ ২২৯৯৮, সহীহ আত্ তারগীব ৬৬৬, ২৯৭১, সহীহ আল জামি' ৪২৩৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মানুষের উপর প্রতিটি হাড়ের জোড়ার জন্য সদাক্বাহ্ (সাদাকা) করা উচিত। এখানে (عَلَى) শব্দটি সদাক্বাহ্ (সাদাকা) প্রদান করা মুস্তাহাব বুঝানোর জন্য, এটি শার'ঈ ওয়াজিব সাব্যস্তকরণের জন্য নয়।



কারণ সালাতুয্ যুহা দু' রাক্'আত আদায় করা ওয়াজিব এবং উল্লেখিত সদাকাহ্ (সাদাকা) প্রদান করা ওয়াজিব এটা কেউ বলেননি, যদিও আল্লাহ তা'আলার নি'আমাতের উপর কৃতজ্ঞতা করাটা স্বাভাবিকভাবে ওয়াজিব।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন